ঘ. প্রথম ও দ্বিতীয় ফ্ল্যাটের মধ্যে কোন ফ্ল্যাটের জন্য তাকে বেশি বিদ্যুৎ বিল পরিশোধ করতে হবে— গাণিতিক ব্যাখ্যা করো।

প্রশ্ন ৪ আদৃতাদের বাসায় কাপড় ইস্ত্রি বাবদ লব্ধি খরচ দিতে হয় মাসিক ২২০ টাকা। শাস্রয়ী হওয়ার জন্য আদৃতার বাবা একটি বৈদ্যুতিক ইস্ত্রি কিনে আনলেন যার গায়ে ১০০০W-220V লেখা আছে। এটি প্রতিদিন ১৫ মিনিট চালানো হয়। উল্লেখ্য প্রতি ইউনিট বিদ্যুৎ খরচ ৫ টাকা। [দিনাজপুর বোর্ড ২০১৭; চট্টগ্রাম বোর্ড ২০১৭] ★★★

ক. ব্যাটারি কী?

খ. তড়িৎ প্রলেপন বলতে কী বোঝায়?

গ. ইস্ত্রি ব্যবহারে মাসিক ব্যয়িত শক্তির পরিমাণ নির্ণয় করো।

ঘ. আদৃতার বাবা বিদ্যুৎ ব্যবহারে শাস্রয়ী হতে পেরেছিলেন কি? গাণিতিকভাবে বিশ্লেষণ করো।

প্রশ্ন ৫ মকবুল সাহেব তার বাসায় 100W এর ৮টি বাল্ব, 70W এর ৪টি ফ্যান এবং 200W এর একটি ফ্রিজ ব্যবহার করেন। বাল্বগুলো প্রতিদিন ২ ঘণ্টা, ফ্যানগুলো ৭ ঘণ্টা

এবং ফ্রিজটি 20 ঘণ্টা চলে। প্রতি ইউনিট বিদ্যুতের মূল্য 5 টাকা। [ময়মনসিংহ বোর্ড ২০২০] ★★★

ক. লোডশেডিং কাকে বলে?

খ. 220V কথাটির অর্থ ব্যাখ্যা করো।

গ. মকবুল সাহেবের এপ্রিল মাসে কত টাকা বিদ্যুৎ বিল আসবে? নির্ণয় করো।

ঘ. মকবুল সাহেব যদি 100W এর পরিবর্তে 25W এর এনার্জি সেভিং বাল্ব ব্যবহার করেন তাহলে তার বিদ্যুৎ বিলের কিরূপ পরিবর্তন হবে? বিশ্লেষণ করো।

প্রশ্ন ৬ রিয়াদের বাসায় 100w এর চারটি ফ্যান এবং 60W এর পাঁচটি বাতি প্রতিদিন গড়ে ছয় ঘণ্টা জ্বলে। প্রতি ইউনিট বিদ্যুতের খরচ ৮.০০ টাকা। সার্বক্ষণিক বিদ্যুৎ সরবরাহ নিশ্চিত করার লক্ষ্যে তিনি আইপিএস ও ইউপিএস নামক দুটি যন্ত্র ব্যবহার করেন। [সিলেট বোর্ড ২০২০] ★★★

ক. তড়িৎ ক্ষমতা কাকে বলে?

খ. এনার্জি সেভিং বাল্ব ব্যবহার করা হয় কেন?

গ. উদ্দীপকের আলোকে জানুয়ারি মাসে রিয়াদ সাহেবের মাসিক বিদ্যুৎ বিল কত হবে নির্ণয় করো।

ঘ. সার্বক্ষণিক বিদ্যুৎ সরবরাহ নিশ্চিতের লক্ষ্যে রিয়াদ সাহেব যে দুটো যন্ত্র ব্যবহার করেন গৃহস্থালির কাজে তাদের কোনটির ব্যবহার উত্তম? বিশ্লেষণপূর্বক মতামত দাও।

প্রশ্ন ৭ দৃশ্যকল্প-১ : সজল এমন একটি কারখানায় কাজ করে যেখানে কোনো নিকৃষ্ট ধাতুর উপর সোনা, রূপার মতো মূল্যবান ধাতুর প্রলেপ দেওয়া হয়। দৃশ্যকল্প-২ : সুমাইয়া রাতে পড়তে বসলে লক্ষ করে তার এলাকায় প্রায়ই কিছু সময়ের জন্য বিদ্যুৎ সরবরাহ বন্ধ থাকে। তাছাড়া সে আরো লক্ষ করল, তাদের পাশের বাড়ির লোকেরা মেইন লাইন থেকে তার টেনে বিদ্যুৎ ব্যবহার করে, যার হিসাব মিটারে উঠে না।

[রাজশাহী বোর্ড ২০১৯] ★★★

ক. তড়িৎ ক্ষমতা কাকে বলে?

খ. বৈদ্যুতিক মিশ্রিরা পায়ে শুষ্ক জুতা পরিধান করে কেন? ব্যাখ্যা করো।

গ. সজলের কারখানায় কীভাবে প্রলেপ দেওয়ার কাজটি করা হয়? ব্যাখ্যা করো।

ঘ. সুমাইয়ার লক্ষ করা প্রক্রিয়া দুটি কি আমাদের সামাজিক জীবনকে প্রভাবিত করে? বিশ্লেষণ করো।

প্রশ্ন ৮ সালাম সাহেবের কারখানায় আকরিক থেকে ধাতু নিষ্কাশন করা হয়। তার কারখানায় একই সুইচের মাধ্যমে দুটি ফ্যান ও দুটি লাইট জ্বালানো হয়। অপরদিকে

তিনি বাসায় প্রতিটি ফ্যান ও লাইটের জন্য আলাদা আলাদা সুইচ ব্যবহার করেন।

[রাজশাহী বোর্ড ২০২৩] ★★★

ক. অ্যানোড কাকে বলে?

খ. বর্তনীতে নিরপেক্ষ তার ব্যবহার করা হয় কেন?

গ. সালাম সাহেবের কারখানায় ধাতু নিষ্কাশনের পদ্ধতিটি ব্যাখ্যা করো।

ঘ. সালাম সাহেবের কারখানায় ও বাসায় বৈদ্যুতিক বর্তনীর মধ্যে কোনটির ব্যবহার অধিক সুবিধাজনক? যুক্তিসহ তোমার মতামত দাও।

প্রশ্ন ৯ আমজাদ সাহেবের বাসায় বিদ্যুৎ সংযোগটি এমন যে, একটি বাল্ব নষ্ট হলেও অন্য বাল্বগুলো জ্বলতে কোনো সমস্যা হয় না। তার বাসায় ২০ ওয়াটের ৩টি বাল্ব দৈনিক ১০ ঘণ্টা করে চলে। [চট্টগ্রাম বোর্ড ২০২৩] ★★★

ক. তড়িৎ মুদ্রণ কাকে বলে?

খ. বর্তনীতে ফিউজ ব্যবহারের প্রয়োজন কেন?

গ. আমজাদ সাহেবের বাসার বিদ্যুৎ সংযোগটি যথাযথ কিনা? ব্যাখ্যা করো।

ঘ. প্রতি ইউনিট বিদ্যুতের মূল্য ৬ টাকা হলে প্রতি মাসে বিদ্যুৎ বিলে কত টাকা আসবে? গাণিতিকভাবে বিশ্লেষণ করো।

প্রশ্ন ১০ রায়হান সাহেব তার বাসায় ১০০ ওয়াটের ৩টি ফ্যান, ৬০ ওয়াটের ৫টি বাল্ব এবং ২০০ ওয়াটের একটি ফ্রিজ ব্যবহার করেন। বাল্ব ও ফ্যানগুলো প্রতিদিন গড়ে ৯ ঘণ্টা এবং ফ্রিজটি গড়ে ১৬ ঘণ্টা চলে। [যশোর বোর্ড ২০২৩] ★★★

ক. তড়িৎ মুদ্রণ কাকে বলে?

খ. কোনো বাল্বের গায়ে লেখা '220-60W' কথাটির অর্থ কী?

গ. প্রতি ইউনিট বিদ্যুৎ এর মূল্য ৫.৭২ টাকা হলে জুন মাসে রায়হান সাহেবের মত টাকা বিদ্যুৎ বিল হবে— নির্ণয় করো।

ঘ. তিনি বাসায় বিদ্যুৎ বিল কমানোর জন্য কী কী পদক্ষেপ নিতে পারেন— তোমার যৌক্তিক মতামত উপস্থান করো।

জ্ঞানমূল্যক

১. তড়িৎ মুদ্রণ কাকে বলে? [ম. বো. ২৩; চ. বো. ২৩; য. বো. ২৩; ব. বো. ২০, য. বো.

১৯] ★★★

উত্তর: তড়িৎ বিশ্লেষণের মাধ্যমে হরফ, ব্লক, মডেল ইত্যাদি তৈরি করাকে তড়িৎ মুদ্রণ বলে।

২. ব্যাটারি কী? [দি. বো. ২০১৭, চ. বো. ১৭] ★★★

উত্তর: ব্যাটারি হলো একাধিক তড়িৎ কোষের সমন্বয়ে গঠিত এক ধরনের তড়িৎ কোষ।

৩. তড়িৎ বর্তনী কী? [রা. বো. ২০] ★★★

উত্তর: তড়িৎ প্রবাহ চলার সম্পূর্ণ পথই হলো তড়িৎ বর্তনী।

৪. আয়ন কাকে বলে? [ঢা. বো. ২০] ★★★

উত্তর: কোনো অণু, পরমাণু বা যৌগমূলকে যদি স্বাভাবিক সংখ্যক ইলেকট্রনের চেয়ে কম বা বেশি ইলেকট্রন থাকে তাহলে তাকে আয়ন বলে।

৫. তড়িৎ ক্ষমতা কাকে বলে? [রা. বো. ২৩; সি. বো. ২০] ★★★

উত্তর: কোনো তড়িৎ যন্ত্র প্রতি সেকেন্ডে যে পরিমাণ তড়িৎ শক্তি ব্যয় করে অন্য শক্তিতে রূপান্তরিত করে তাকে তড়িৎ ক্ষমতা বলে।

৬. তড়িৎ প্রলেপন কাকে বলে? [চ. বো. ১৯] ★★★

উত্তর: তড়িৎ বিশ্লেষণ প্রক্রিয়ায় কোনো ধাতুর ওপর সুবিধামতো অন্য কোনো ধাতুর প্রলেপ দেওয়াকে তড়িৎ প্রলেপন বলে।

৭. তড়িৎ বিশ্লেষণ কাকে বলে? [কু. বো. ১৯; ব. বো. ২৩, কু. বো. ১৯; য. বো. ১৯; সকল বোর্ড ১৮; ঢা. বো. ১৭] ★★★

উত্তর: কোনো দ্রবণের মধ্যে তড়িৎ প্রবাহিত করে এর অণুগুলোকে ধনাত্মক ও ঋণাত্মক অংশে বিভক্ত করার পদ্ধতিকে তড়িৎ বিশ্লেষণ বলে।

৮. তড়িৎ বিশ্লেষ্য পদার্থ কী? [কু. বো. ২০; রা. বো. ১৭] ★★★

উত্তর: তড়িৎপ্রবাহের দ্বারা দ্রবণের যে দ্রবটিকে দুই ভাগে বিভক্ত বা বিশ্লেষণ করা হয় তাই তড়িৎ বিশ্লেষ্য পদার্থ।

৯. লোডশেডিং কাকে বলে? [ম. বো. ২০, ঢা. বো. ১৯; সি. বো. ১৯] ★★★

উত্তর: তড়িৎের উৎপাদন যদি প্রয়োজনের তুলনায় অনেক কম হয় তবে সব এলাকাতেই পর্যায়ক্রমে তড়িৎের সরবরাহ বন্ধ করতে হয়, এই পদ্ধতিকে লোডশেডিং বলে।

১০. কিলোওয়াট ঘণ্টা কাকে বলে? [ব. বো. ১৯] ★★★

উত্তর: এক কিলোওয়াট ক্ষমতাসম্পন্ন কোনো তড়িৎ যন্ত্রের মধ্য দিয়ে এক ঘণ্টা ধরে তড়িৎ প্রবাহিত হলে যে পরিমাণ তড়িৎশক্তি অন্য শক্তিতে রূপান্তরিত হয় তাকে কিলোওয়াট ঘণ্টা বলে।

১১. ওয়াট কী? [মাইলস্টোন কলেজ, ঢাকা] ★★★

উত্তর: এক সেকেন্ডে এক জুল কাজ করার ক্ষমতাকে ওয়াট বলে।

১২. বাড়িতে তড়িৎ সংযোগের ক্ষেত্রে কোন সংযোগ ব্যবস্থা মেনে চলা হয়? ★★

উত্তর : সমান্তরাল সংযোগ ব্যবস্থা।

১৩. অ্যানোড কী? ★★★

উত্তর : তড়িৎ বিশ্লেষণ কোষের ধনাত্মক তড়িৎদ্বারকে অ্যানোড বলে।

১৪. দুটি তড়িৎ বিশ্লেষ্য পদার্থের নাম লিখ। ★★★

উত্তর : দুটি তড়িৎ বিশ্লেষ্য পদার্থের নাম NaCl ও CuSO₄।

১৫. বাড়ির মেইন লাইনে কয়টি তার থাকে? ★★★

উত্তর : বাড়ির মেইন লাইনে দুটি তার থাকে।

১৬. ঋণাত্মক আয়ন কাকে বলে? ★★★

উত্তর : কোনো অণু, পরমাণু বা যৌগমূলকে ইলেকট্রনের সংখ্যা স্বাভাবিকের চেয়ে বেশি হলে তাকে ঋণাত্মক আয়ন বলে।

আনুপ্রাথমিক

১. CuSO₄ দ্রবণে তড়িৎ বিশ্লেষণে মোট ভর অপরিবর্তিত থাকে কীভাবে? ★★

২. তড়িৎ বিশ্লেষণ প্রক্রিয়ায় কীভাবে কোনো বস্তুতে প্রলেপ দেয়া হয়? ★★

৩. আকরিক থেকে কীভাবে ধাতু নিষ্কাশিত হয়? ★★

৪. আইপিএস কীভাবে কাজ করে? ★★★

৫. লোডশেডিং বলতে কী বুঝ? ★★★

PARTHIB BOOKS

ত্রয়োদশ অধ্যায়

সবাই কাছাকাছি

স্বজ্ঞানশীল ব্যক্তি নির্বাচনী

১. কম্পিউটার শব্দের অর্থ কী? [রাজশাহী বোর্ড ২০১৬] ★★★
 - হিসাবকারী
 - রক্ষণকারী
 - প্রেরণকারী
 - পরিমাপকারী
২. তড়িৎ সংকেতকে শব্দে পরিণত করে কোন যন্ত্র? [চট্টগ্রাম বোর্ড ২০২০] ★★★
 - মাইক্রোফোন
 - স্পিকার
 - ডায়াফ্রাম
 - মাইক
৩. শব্দ শক্তিকে তড়িৎ সংকেতে রূপান্তরিত করে নিচের কোন যন্ত্র? [রাজশাহী বোর্ড ২০১৭] ★★★
 - মাইক্রোফোন
 - স্পিকার
 - হর্ন
 - মোবাইল
৪. নিচের কোনটি আর্ডটপুট ডিভাইস? [রাজশাহী বোর্ড ২০১৬; সিলেট বোর্ড ২০২৩; ভিকারুননিসা নূন স্কুল, ঢাকা] ★★★
 - স্ক্যানার
 - মাউস
 - কিবোর্ড
 - প্রিন্টার
৫. ফ্যান কে আবিষ্কার করেন? [রাজশাহী বোর্ড ২০১৬] ★★★
 - আলেকজান্ডার বেইন
 - আলেকজান্ডার বেল
 - ব্রেক ওয়েল
 - লজি বিয়ার্ড
৬. রঙিন টেলিভিশনে কে রং সরবরাহ করে?
 - ইলেকট্রনগান
 - ইলেকট্রন টিউব
 - ফসফরাস
 - সালফার
৭. কোনটি আর্ডটপুট ডিভাইস? [ঢাকা বোর্ড ২০২৩] ★★★
 - মাইক্রোফোন
 - মাউস
 - স্পিকার
 - উইন্ডোজ-২০০৭
৮. সংকেতরূপী বার্তা গ্রহণ করে এর অর্থ উদ্ভাৱ করে কোনটি? [বেগমগঞ্জ সরকারি পাইলট উচ্চ বিদ্যালয়, নোয়াখালী] ★★★
 - প্রেরকযন্ত্র
 - গ্রাহকযন্ত্র
 - অ্যান্টেনা
 - স্পিকার

৯. কম্পিউটার যেখানে তথ্য প্রক্রিয়াজাত করে তাকে কী বলা হয়? [আইডিয়াল স্কুল অ্যান্ড কলেজ, মতিঝিল, ঢাকা] ★★★
- ক) হার্ডওয়্যার খ) মেমোরি
 গ) হার্ডডিস্ক ● সিপিইউ
১০. মাইক্রোফোন শব্দশক্তিকে কোন শক্তিতে পরিবর্তিত করে? [চট্টগ্রাম সরকারি বালিকা উচ্চ বিদ্যালয়] ★★★
- তড়িৎ সংকেত খ) তড়িৎ তরঙ্গ
 গ) তড়িৎ শক্তি ঘ) তড়িৎ আধান
১১. ফ্যাক্স মেশিনের উন্নত রূপদানকারী ফেডারিক ব্ল্যাকওয়েল কোন দেশের বিজ্ঞানী? [বর্ডার গার্ড পাবলিক উচ্চ বিদ্যালয়, শ্রীমঙ্গল] ★★★
- ক) জার্মান খ) স্কটল্যান্ড
 ● ইংল্যান্ড ঘ) ইতালি
১২. স্পিকার তড়িৎ সংকেতকে কিসে পরিবর্তন করে? [সিটি সরকারি বালিকা উচ্চ বিদ্যালয়, চট্টগ্রাম] ★★★
- ক) শক্তিতে ● শব্দে
 গ) ছবিতে ঘ) আলোতে
১৩. ট্রাফিক সিগন্যালে কোন বাতি সামনে এগিয়ে যাওয়ার অনুমতি নির্দেশ করে? ★★
- ক) মনিটর ও প্রসেসর
 খ) স্ক্যানার ও মাইক্রোফোন
 গ) কিবোর্ড ও মনিটর
 ● কিবোর্ড ও মাউস
১৪. কোনটিকে সকল নেটওয়ার্কের জননী বলা হয়? ★★★
- ক) ই-মেইল খ) কম্পিউটার
 ● ইন্টারনেট ঘ) ফ্যাক্স
১৫. যোগাযোগ কী? ★★★
- ক) একটি প্রেরক খ) একটি গ্রাহক
 ● একটি আর্ট ঘ) একটি ভাষা
১৬. যোগাযোগের জন্য অবশ্যই কোনটি দরকার? ★★★
- ক) প্রেরক যন্ত্র খ) গ্রাহক যন্ত্র
 ● প্রেরক ও গ্রাহক যন্ত্র ঘ) সংকেত
১৭. যোগাযোগের সময় গ্রাহক প্রেরকের কাছে যে উত্তর পাঠায় তাকে কী বলে? ★★
- ক) ব্যাক সাউন্ড খ) ব্যাক রেসপন্স
 গ) ইয়েসকার্ড ● ফিডব্যাক
১৮. তথ্য আদান-প্রদানের মূল প্রক্রিয়া কী? ★★★

- যোগাযোগ ঙ ই-মেইল
 গ ইন্টারনেট ঘ ফেসবুক
১৯. সম্পর্কের উন্নতি নির্ভর করে কিসের উপর? ★★★
- যোগাযোগ ঙ উপহার আদান-প্রদান
 গ ভালো ব্যবহার ঘ অগ্রগতি
২০. স্পিকারে কোনটি থাকে? ★★★
- ক একটি চৌম্বক পদার্থ ঙ একটি অচৌম্বক পদার্থ
 ● একটি স্থায়ী চুম্বক ঘ একটি অস্থায়ী চুম্বক
২১. স্পিকারের Air Gap এর মধ্যে কী থাকে? ★★★
- ক ভয়েস রেকর্ডার ● ভয়েস কয়েল
 গ এয়ার বল ঘ চুম্বক
২২. নিচের কোন যোগাযোগটি অপরগুলো থেকে আলাদা? ★★★
- ক সড়ক যোগাযোগ ঙ নৌ যোগাযোগ
 ● তথ্য যোগাযোগ ঘ আকাশ যোগাযোগ
২৩. ইলেকট্রনিক যোগাযোগের ধাপ কয়টি? ★★★
- ক ২ ঙ ৩
 গ ৪ ● ৫
২৪. শব্দের কম্পনকে মাইক্রোফোন কিসে রূপান্তরিত করে? ★★★
- ক তড়িৎ সংকেতে
 ● পরিবর্তনশীল তড়িৎ সংকেতে
 গ ডায়াক্রামে
 ঘ বিবর্ধিত সংকেতে
২৫. উৎস অনুসারে সংকেত কত প্রকার? ★★★
- ক ১ ● ২
 গ ৩ ঘ ৪
২৬. প্রেরণের ওপর ভিত্তি করে সংকেত কত প্রকার? ★★★
- ২ ঙ ৩
 গ ৪ ঘ ৫
২৭. কোন সিগন্যাল যেতে যেতে বিবর্ধিত হয়? ★★★
- ক এনালগ ● ডিজিটাল
 গ অডিও ঘ ভিডিও
২৮. হার্ডওয়্যার কম্পিউটারের কী? [বেগমগঞ্জ সরকারি পাইলট উচ্চ বিদ্যালয়, নোয়াখালী] ★★
- দেহ ঙ মস্তিষ্ক
 গ প্রাণ ঘ চোখ

- মান হ্রাস পেলে ☒ বিবর্ধিত করলে
 ☐ নয়োজ বৃদ্ধি পেলে ☒ অনেক দূরে গেলে
80. কোন সংকেত যেতে যেতে শক্তি সঞ্চয় করে? ★★★
 ☐ এনালগ ● ডিজিটাল
 ☐ অডিও ☒ ভিডিও
81. দ্রুত বেশি হলে এনালগ সংকেতের ক্ষমতা কী হয়? ★★★
 ☐ বাড়তে থাকে ● কমতে থাকে
 ☐ একই থাকে ☒ কমে তারপর বাড়ে
82. এনালগ সংকেতের বৈশিষ্ট্য কোনটি? ★★★
 ☐ মান পরিবর্তন হয় না
 ● মান নিরবচ্ছিন্ন পরিবর্তিত হয়
 ☐ পৃথকভাবে চেনা যায়
 ☒ বাইনারি কোডের সাহায্য নিতে হয়
83. কোন সংকেতকে পৃথকভাবে চেনা যায়? ★★★
 ● ডিজিটাল ☒ এনালগ
 ☐ ভিডিও ☒ অডিও
84. কিসের উপর ভিত্তি করে সংকেতকে এনালগ ও ডিজিটাল এ দুইভাগে ভাগ করা হয়েছে? ★★★
 ☐ উৎসের প্রকৃতি ● প্রেরণ কৌশল
 ☐ উৎপত্তির ধরন ☒ উৎপাদন খরচ
85. এনালগ উপাত্ত কিভাবে প্রেরিত হয়? ★★★
 ☐ বিচ্ছিন্নভাবে ● নিরবচ্ছিন্নভাবে
 ☐ সরাসরিভাবে ☒ কিছুক্ষণ পর পর
86. ক্রস কানেকশানমুক্ত সংকেত পেতে আমাদের কোন সংকেত ব্যবহার করা উচিত?
 ☐ এনালগ সংকেত
 ● ডিজিটাল সংকেত
 ☐ মডারেট সংকেত
 ☒ উচ্চ কম্পাঙ্ক বিশিষ্ট সংকেত
87. রেডিওর আবিষ্কারক কে? ★★★
 ● মার্কনি ☒ ফ্রয়েড
 ☐ নিউটন ☒ নোবেল
88. বাংলাদেশের কোন বিজ্ঞানী রেডিও আবিষ্কারের সাথে জড়িত? ★★★
 ● জগদীশ চন্দ্র ☒ সিভি রমন
 ☐ ড. কুদরত-ই-খুদা ☒ ড. বোস

৪৯. টেলিভিশনের পর্দা কী দিয়ে তৈরি? ★★★
- ফসফর দানা (খ) সিলভার
(গ) পিকচার টিউব (ঘ) ইলেকট্রন গান
৫০. কত সালে টেলিফোন আবিষ্কৃত হয়? ★★★
- (ক) ১৭৫৫ (খ) ১৭৭৫
● ১৮৭৫ (ঘ) ১৮৯৬
৫১. টেলিফোনের আবিষ্কারক কে? ★★★
- (ক) মার্কনি (খ) লর্জি বেয়ার্ড
● গ্রাহাম বেল (ঘ) জগদীশ চন্দ্র বসু
৫২. টেলিফোন হ্যান্ডসেটের গ্রাহক অংশের নাম কী? ★★★
- (ক) মাউথ পিস ● ইয়ারপিস
(গ) স্পিকার (ঘ) ডায়ালিং বক্স
৫৩. টেলিভিশন স্টেশনে তড়িৎ সংকেত কী প্রক্রিয়ায় বাহক সংকেতের সাথে মিশ্রিত করা হয়? ★★★
- মডুলেশন (খ) অটোমেটিক
(গ) সেমিমডুলেশন (ঘ) অটোমডুলেশন
৫৪. কোনটি মডুলেটরের কাজ? ★★★
- শব্দ তরঙ্গকে মিশ্রিত করা
(খ) তরঙ্গকে একত্রিত করা
(গ) কম্পাঙ্ক বৃদ্ধি করা (ঘ) তরঙ্গ সৃষ্টি করা
৫৫. টেলিভিশন এন্টেনা ছবি ও শব্দকে কী হিসেবে গ্রহণ করে? ★★★
- (ক) বেতার তরঙ্গ (খ) উচ্চ কম্পাঙ্ক
(গ) নিম্ন কম্পাঙ্ক ● তড়িৎ চৌম্বক তরঙ্গ
৫৬. পিকচার টিউবের পিছনে কী থাকে? ★★★
- (ক) ইলেকট্রন টিউব (খ) ক্যাথোডার
(গ) ভোল্টেজ সাপ্লাই ● ইলেকট্রনগান
৫৭. ফ্যাক্স মেশিনে ডকুমেন্টকে ইলেকট্রনিক সংকেতে রূপান্তরিত করা হয় কীভাবে?
- স্ক্যান করে (খ) ছবি তুলে
(গ) টেলিফোনের সাহায্যে (ঘ) বিদ্যুতের সাহায্যে
৫৮. জার্মান বিজ্ঞানী আর্থার করননা কোনটির সাথে জড়িত?
- (ক) ফ্যাক্স আবিষ্কার
● ফ্যাক্স যন্ত্রের উন্নতি সাধন
(গ) টেলিফোন আবিষ্কার
(ঘ) বেতার তরঙ্গ আবিষ্কার

৫৯. আধুনিক ফ্যাক্স মিশনে স্ক্যানকৃত সংকেতকে কিরূপ সংকেতে পরিণত করা হয়?
- ক) তড়িৎ সংকেতে খ) চৌম্বক সংকেতে
 ● বাইনারি সংকেতে ঘ) তড়িৎ চৌম্বক সংকেতে
৬০. মোবাইল ফোনে কল করলে কলটি প্রথমে কোথায় যায়? ★★★★★
- ক) গ্রাহকের ফোনে খ) এরিয়া অফিসে
 ● টাওয়ারে ঘ) সুইচ স্টেশনে
৬১. ইন্টারনেট ছোট ছোট কতগুলো নেটওয়ার্ককে সংযুক্ত করেছে? ★★★★★
- ক) প্রায় ৫ লক্ষ খ) প্রায় ৪ লক্ষ ৫০ হাজার
 ● প্রায় ৪ লক্ষ ঘ) প্রায় ৬ লক্ষ
৬২. ইন্টারনেট কত সালে প্রথম চালু হয়? ★★★★★
- ক) ১৯৫৯ ● ১৯৬৯
 গ) ১৯৭৯ ঘ) ১৯৮৯
৬৩. সংবাদ বা তথ্য জমা রাখা যায় কোনটিতে? ★★★★★
- ক) ফ্যাক্স ● কম্পিউটারে
 গ) ই-মেইলে ঘ) বেতারে
৬৪. সফটওয়্যার কী ধরনের শক্তি? ★★★★★
- ক) দৃশ্য শক্তি ● অদৃশ্য শক্তি
 গ) অলৌকিক শক্তি ঘ) রাসায়নিক শক্তি
৬৫. কেন্দ্রীয় প্রক্রিয়াকরণ ইউনিটে কী থাকে? ★★★★★
- ক) কিবোর্ড খ) মাউস
 ● স্মৃতি ইউনিট ঘ) স্ক্যানার
৬৬. কম্পিউটার নিচের কোন ক্ষেত্রে ব্যয় সংকোচন করেছে? ★★★★★
- মুদ্রণ শিল্পে
 খ) যোগাযোগ ক্ষেত্রে
 গ) ব্যাংকিং ক্ষেত্রে
 ঘ) ডিজাইনের কাজে
৬৭. ছোট ছোট নেটওয়ার্ক নিয়ে গঠিত হয়েছে নিচের কোনটি? ★★★★★
- ক) ই-মেইল ● ইন্টারনেট
 গ) ফেসবুক ঘ) মজিলা
৬৮. কম্পিউটারের দেহ বলা হয় কোনটিকে? ★★★★★
- ক) সফটওয়্যার ● হার্ডওয়্যার
 খ) মনিটর ঘ) সিপিইউ

প্রশ্ন ১ সৌরভ ইদানীং হকারের কাছ থেকে খবরের কাগজ না কিনে বাড়িতে ইন্টারনেটের মাধ্যমে সকালেই সংবাদপত্রের খবরাখবর পড়ে নেয়। জরুরী কাজে ঢাকা যেতে হওয়ায় বিমানের টিকিটও বুকিং দিয়ে দিল। পছন্দের বই ছেপে নিচ্ছে। অফিসের সকল চিঠিপত্র ও ডকুমেন্টগুলো ই-মেইলে পাঠায়। আত্মীয়স্বজন, বন্ধু-বান্ধবদের সাথে যোগাযোগ, আড্ডা দেওয়াসহ সব কিছু করছে অন লাইনে। [বরিশাল বোর্ড ২০১৬] ★★

ক. মাইক্রোফোন কী?

খ. ডিজিটাল সংকেত বলতে কী বোঝায়?

গ. সৌরভের অফিসের চিঠিপত্র ও ডকুমেন্টগুলোর কীভাবে ই-মেইলে পাঠানো হয়, তার ব্লকচিত্রসহ বর্ণনা দাও।

ঘ. ইন্টারনেট সকল নেটওয়ার্কের সমষ্টি। সৌরভের কাজের আলোকে বিশ্লেষণ করো।

প্রশ্ন ২ কামরান একদিন এক আলোচনা অনুষ্ঠানে এসে লক্ষ করল ঘোষক একটি বস্তু মুখের সামনে ধরে কথা বলছে আর মাইকে তা শোনা যাচ্ছে। পাশে বসে থাকা ফাহিমের কাছ থেকে জানতে পারল সংকেত আদান-প্রদানের মাধ্যমে সে মাইকে শব্দ শুনতে পায়। কামরান বাড়িতে এসে টেলিভিশনে একটি হাস্যরসপূর্ণ নাটক উপভোগ করল।

[দিনাজপুর বোর্ড ২০২০] ★★

ক. যোগাযোগ কাকে বলে?

খ. কম্পিউটার এত গুরুত্বপূর্ণ কেন?

গ. কামরান যে যন্ত্রের মাধ্যমে নাটক উপভোগ করে তার কার্যপ্রণালি ব্যাখ্যা করো।

ঘ. ঘোষকের হাতের বস্তুটি এবং মাইকের কার্যক্রমের তুলনামূলক বিশ্লেষণ করো।

প্রশ্ন ৩ সান্তার সাহেব অফিসে চিঠিপত্র পাঠানোর জন্য টেলিফোন লাইনের সাথে যুক্ত একটি মেশিন ব্যবহার করেন। একদিন তার বন্ধু অফিসে এসে বলল বর্তমানে gmail, yahoo ইত্যাদি ব্যবহার করে দেশে-বিদেশে সব ধরনের তথ্য বিনিময় করা যায়।

[কুমিল্লা বোর্ড ২০২০] ★★

ক. স্পিকার কাকে বলে?

খ. কম্পিউটার আমাদের জন্য গুরুত্বপূর্ণ কেন?

গ. উদ্দীপকে সান্তার সাহেবের ব্যবহৃত যন্ত্রের কর্মপদ্ধতি ব্যাখ্যা করো।

ঘ. সান্তার সাহেবের ব্যবহৃত যন্ত্রের পরিবর্তে বন্ধুর বর্ণিত তথ্য বিনিময় কৌশল ব্যবহার করা যুক্তিযুক্ত কি না— যাচাই করো।

প্রশ্ন ৪ সালমা ও শান্তা দুই বোন একই সঙ্গে পড়াশুনা করে কিন্তু অধিকাংশ সময় তারা মোবাইলে গেম খেলে। এতে লেখাপড়ায় তারা অমনোযোগী হয়ে পড়েছে এবং কিছু শারীরিক সমস্যাও দেখা দিয়েছে। [চট্টগ্রাম বোর্ড ২০২০] ★★★

ক. ই-মেইল কী?

খ. যোগাযোগের ক্ষেত্রে ইন্টারনেট গুরুত্বপূর্ণ কেন?

গ. উদ্দীপকের সালমা ও শান্তার প্রযুক্তিটির কার্যক্রম ব্যাখ্যা করো।

ঘ. প্রযুক্তিটি অতিরিক্ত ব্যবহারের ফলে সৃষ্ট সমস্যাবলি বিশ্লেষণ করো।

প্রশ্ন ৫ তৃনা প্রতিদিন পড়া শেষে টেলিভিশনে রাত ১০ টার খবর দেখে। গত ঈদে তৃনার মা স্মার্ট মোবাইল কিনেছেন। [ঢাকা বোর্ড ২০১৯] ★★★

ক. যোগাযোগ কাকে বলে?

খ. ফ্যাক্স এর মাধ্যমে কীভাবে ছবির ছবলু কপি পাওয়া যায়?

গ. উদ্দীপকে উল্লিখিত ১ম যন্ত্রটি কীভাবে খবর সম্প্রচার করে? ব্যাখ্যা করো।

ঘ. উদ্দীপকের প্রযুক্তিগুলোর অনিয়ন্ত্রিত ব্যবহার কী ঝুঁকিপূর্ণ? যুক্তিসহ মতামত দাও।

প্রশ্ন ৬ ফারজানা কিছু ডকুমেন্ট তার বন্ধুর কাছে পাঠানোর জন্য দোকানে গেল। দোকানী টেলিফোনের সাথে যুক্ত একটি যন্ত্রের মাধ্যমে উক্ত ডকুমেন্ট ছবলু কপি করে পাঠালেন। ফারজানা লক্ষ্য করলো একজন লোক অন্য একটি যন্ত্রের মাধ্যমে বাংলাদেশ ও ভারতের মধ্যে অনুষ্ঠিত ক্রিকেট খেলার ধারা বিবরণী শুনছে। সে তাড়াতাড়ি বাসায় ফিরে খেলাটি অন্য একটি যন্ত্রের মাধ্যমে দেখলো ও ধারাভাষ্য শুনলো। [সকল বোর্ড ২০১৮] ★★★

ক. যোগাযোগ কাকে বলে?

খ. ডিজিটাল সংকেত বলতে কী বোঝায়?

গ. উদ্দীপকের প্রথম যন্ত্রটি কীভাবে কাজ করে? ব্যাখ্যা করো।

ঘ. বিনোদনের মাধ্যম হিসাবে উল্লিখিত দ্বিতীয় ও তৃতীয় যন্ত্রের মধ্যে কোনটি অধিকতর উপযোগী? যুক্তিসহ মতামত দাও।

প্রশ্ন ৭ ঘটনা-১ : রবিন ঢাকায় একটি বড় অফিসে চাকরি করেন। ইদানিং তিনি খবরের কাগজ না কিনে অফিসে একটি বিশেষ যন্ত্রে মোডেম লাগিয়ে বেশ কয়েকটি খবরের কাগজ পড়ে নেন। এছাড়াও তিনি টিকেট বুকিং, ব্যাংকিং সিস্টেম, স্টাফদের বেতন প্রদান ঐ একই যন্ত্র দিয়েই করে থাকেন।

ঘটনা-২ : রবিন এখন অফিসের সকল লিখিত ডকুমেন্ট ডাকঘরের মাধ্যমে না পাঠিয়ে অন্য একটি বিশেষ যন্ত্রের সাহায্যে স্ক্যান করে টেলিফোন লাইনের মাধ্যমে পাঠান। [ঢাকা বোর্ড ২০১৭] ★★★

ক. অডিও সংকেত কী?

খ. বর্তমান যুগকে তথ্য ও যোগাযোগ প্রযুক্তির যুগ বলা হয় কেন?

গ. ঘটনা-১ এ রবিনের ব্যবহৃত যন্ত্রটি কীভাবে কাজ করে বর্ণনা করো।

ঘ. ঘটনা-১ ও ঘটনা-২ এর যন্ত্র দুইটি আধুনিক যুগে কতটুকু বিপ্লব এনেছে, তা যুক্তিসহ উপস্থাপন করো।

জ্ঞানমুকুট

১. ই-মেইল কী? [চ. বো. ২০] ★★★

উত্তর: ই-মেইল বা ইলেকট্রনিক মেইল হলো ইন্টারনেটের মাধ্যমে বন্ধু- বান্দব, সহপাঠী, আত্মীয় স্বজন বা সহকর্মীদের সাথে দ্রুত যোগাযোগের উপায়।

২. যোগাযোগ কাকে বলে? [দি. বো. ২০, ঢা. বো. ১৯; সকল বোর্ড ২০১৮] ★★★

উত্তর: যোগাযোগ হলো এক স্থান থেকে অন্য স্থানে বা এক ব্যক্তি থেকে অন্য ব্যক্তিতে বা এক যন্ত্র থেকে আরেক যন্ত্রে কথাবার্তা, চিন্তাভাবনা বা তথ্যের আদান-প্রদান বা বিনিময়।

৩. মাইক্রোফোন কী? [য. বো. ২০, রা. বো. ১৭; ব. বো. ১৭] ★★★

উত্তর: মাইক্রোফোন হলো এমন একটি যন্ত্র যা শব্দ শক্তিকে তড়িৎ সংকেতে রূপান্তরিত করে।

৪. অডিও সংকেত কী? [ঢা. বো. ১৭] ★★★

উত্তর: কোনো বক্তা বা উপস্থাপকের কথা বা কণ্ঠস্বর বা যেকোনো শব্দ তরঙ্গকে মাইক্রোফোনের সাহায্যে তড়িৎ সংকেতে রূপান্তরিত করা হয়। এই রূপান্তরিত তড়িৎ সংকেতই হলো অডিও সংকেত।

৫. ফ্যাক্স কী? [কু. বো. ১৭] ★★★

উত্তর: ফ্যাক্স হলো তার বা রেডিওর সাহায্যে ছবি, চিত্র, ভাষা যেকোনো লিখিত ডকুমেন্ট ছবছ কপি করে প্রেরণ ও বাদদের একটি ইলেকট্রনিক ব্যবস্থা।

৬. ফ্যাক্স এর পূর্ণরূপ কী? [য. বো. ১৭] ★★★

উত্তর: ফ্যাক্স এর পূর্ণরূপ হলো FACSIMILE.

৭. টেলিফোন আবিষ্কার করেন কে? ★★★

উত্তর: টেলিফোন আবিষ্কার করেন আলেকজান্ডার গ্রাহাম বেল

৮. ফ্যাক্স আবিষ্কার করেন কে? ★★★

উত্তর: ফ্যাক্স আবিষ্কার করেন আলেকজান্ডার বেইন।

৯. কম্পিউটার ভিশন সিনড্রোম কী? ★★★

উত্তর: দীর্ঘদিন ও দীর্ঘক্ষণ কম্পিউটারে কাজ করলে চোখে যেসব সমস্যা সৃষ্টি হয় সেগুলোই হলো কম্পিউটার ভিশন সিনড্রোম।

১০. হার্ডওয়্যার কাকে বলে? [কু. বো. ১৯] ★★★

উত্তর: যে সকল ভৌত ডিভাইস দিয়ে কম্পিউটার তৈরি তাদের হার্ডওয়্যার বলে।

১১. কম্পিউটার শব্দের অর্থ কী? [সি. বো. ১৭] ★★★

উত্তর: কম্পিউটার শব্দের অর্থ হলো গণক বা হিসাবকারী।

১২. ডিজিটাল সংকেত কী? ★★★

উত্তর: ডিজিটাল সংকেত হলো সেই যোগাযোগ সংকেত যাদের পৃথকভাবে বা স্বতন্ত্রভাবে চেনা যায়।

১৩. কম্পিউটারের শাব্দিক অর্থ কী? ★★★

উত্তর : কম্পিউটারের শাব্দিক অর্থ গণক বা হিসাবকারী।

১৪. মোবাইল নেটওয়ার্কে কী তরঙ্গ ব্যবহার করা হয়? ★★★

উত্তর : মোবাইল নেটওয়ার্কে মাইক্রো তরঙ্গ ব্যবহার করা হয়।

১৫. যোগাযোগের ভাষা কেমন হবে? ★★★

উত্তর : যোগাযোগের ভাষা হবে সহজ, সরল, সুস্পষ্ট ও সম্পূর্ণ।

১৬. মাইক্রোফোন কী? ★★★

উত্তর : যেকোনো সভা বা অনুষ্ঠানের সময় বক্তা যে ইলেকট্রনিক যন্ত্রের সামনে দাঁড়িয়ে কথা বলেন তাকে মাইক্রোফোন বলে।

অনুধায়নমূলক

১. সফটওয়্যারকে হার্ডওয়্যারের প্রাণ বলা হয় কেন? ★★★

২. ডায়াফ্রাম কীভাবে কাজ করে? ★★★

৩. ফিডব্যাক বলতে কী বোঝ? ★★★

৪. টেলিভিশন নিঃসৃত বিকিরণ থেকে রক্ষা পেতে কী করা উচিত— লেখ। ★★★

৫. মোবাইল কল কীভাবে প্রেরক থেকে গ্রাহকের কাছে পৌঁছায়? ★★★

চতুর্দশ অধ্যায়

জীবন বাঁচাতে বিজ্ঞান

স্বাস্থ্যশীলম বস্তুনির্বাচনি

১. গ্যাস্ট্রিক আলসার বিকিৎসায় নিচের কোনটি ব্যবহার করা হয়? [যশোর বোর্ড ২০১৭] ★★★
- ক) এম আর আই ● এন্ডোস্কোপি
গ) ইসিজি ঘ) আলট্রাসোনোগ্রাফি
২. এন্ডোস্কোপি করার সময় নিচের কোনটি কাজ করে? [যশোর বোর্ড ২০১৯] ★★★
- ক) আলোর প্রতিসরণ খ) চৌম্বকক্ষেত্র
● আলোর প্রতিফলন ঘ) রাসায়নিক ঔষধ
৩. পেটের আলসার নির্ণয়ের অন্যতম উপায় কী? [যশোর বোর্ড ২০১৭] ★★★
- ক) ইসিজি খ) এম আর আই
● এন্ডোস্কোপি ঘ) রেডিওথেরাপি
৪. হার্ট অ্যাটাক সম্পর্কে নির্ভরযোগ্য সংকেত দিতে পারে কোনটি? [কুমিল্লা বোর্ড ২০১৯] ★★★
- ক) সিটি স্ক্যান ● ইসিজি
গ) রেডিওথেরাপি ঘ) কেমোথেরাপি
৫. নিচের কোন পরীক্ষাটিতে 'ডাই' ব্যবহৃত হয়? [রাজশাহী বোর্ড ২০২০; সিলেট বোর্ড ২০১৬; নোয়াখালী সরকারি বালিকা উচ্চ বিদ্যালয়] ★★★
- ক) আলট্রাসোনোগ্রাফি খ) এন্ডোস্কোপি
● এনজিওগ্রাফি ঘ) এমআরআই
৬. এন্ডোস্কোপিতে কী ব্যবহার করা হয়? [বরিশাল বোর্ড ২০১৭] ★★★
- ক) টেলিস্কোপ খ) মাইক্রোস্কোপ
● অপটিক্যাল ফাইবার ঘ) আতশী কাঁচ
৭. ইসিজি যন্ত্র কী শনাক্ত করে? [নোয়াখালী সরকারি বালিকা উচ্চ বিদ্যালয়] ★★★
- ক) প্রতিবিস্ত্র খ) প্রতিফলন
গ) বিকিরণ ● তড়িৎ সংকেত
৮. এক্সরে ও সিটি স্ক্যানের অনিশ্চিত অংশসমূহ নিশ্চিত করে কোন পরীক্ষা? [চট্টগ্রাম সরকারি বালিকা উচ্চ বিদ্যালয়] ★★★
- ক) এমআরআই ● এন্ডোস্কোপি
গ) এনজিওগ্রাফি ঘ) কেমোথেরাপি

৯. আলট্রাসোনোগ্রাফিতে কোনটি ব্যবহৃত হয়? [চট্টগ্রাম সরকারি বালিকা উচ্চ বিদ্যালয়] ★★★
- শব্দ তরঙ্গ (খ) আলোক তরঙ্গ
 (গ) এক্সরে (ঘ) বেতার তরঙ্গ
১০. চামড়া পুড়ে যায় কোনটিতে? [খুলনা জিলা স্কুল] ★★★
- (ক) এক্সরে (খ) ইসিজি
 ● কেমোথেরাপি (ঘ) রেডিওথেরাপি
১১. ডাই ব্যবহার করা হয় না নিচের কোনটিতে? [খুলনা জিলা স্কুল] ★★★
- (ক) সিটি স্ক্যান (খ) এমআরআই
 (গ) এনজিওগ্রাফি ● ইসিজি
১২. ক্লান্তি ও অবসাদগ্রস্ততা আসে কোনটিতে? [খুলনা জিলা স্কুল] ★★★
- (ক) কেমোথেরাপি (খ) এক্সরে
 (গ) ইসিজি ● রেডিওথেরাপি
১৩. শ্রবণোত্তর শব্দ তরঙ্গ হলো—[হরিমোহন সরকারি উচ্চ বিদ্যালয়, সিলেট] ★★★
- (ক) 20 HZ (খ) 20000 HZ
 (গ) 20 HZ এর বেশি ● 20000 HZ এর বেশি
১৪. কোন বিজ্ঞানী X-ray আবিষ্কার করেন? [নোয়াখালী সরকারি বালিকা উচ্চ বিদ্যালয়] ★★
- (ক) নিউটন (খ) আইনস্টাইন
 ● রনজেন (ঘ) বেকেরেল
১৫. এক্সরে রশ্মি আবিষ্কৃত হয়—[হরিমোহন সরকারি উচ্চ বিদ্যালয়, সিলেট] ★★★
- ১৮৯৫ সালে (খ) ১৮৯৮ সালে
 (গ) ১৯০৫ সালে (ঘ) ১৯৯৮ সালে
১৬. কোনটির পার্শ্বপ্রতিক্রিয়ায় মাথার চুল পড়ে যায়? ★★★
- (ক) এনজিওগ্রাফি (খ) আলট্রাসোনোগ্রাফি
 ● কেমোথেরাপি (ঘ) এম.আর.আই
১৭. আলোর কোন ধর্মের ওপর এন্ডোস্কোপি নির্ভরশীল? ★★★
- (ক) প্রতিফলন (খ) প্রতিসরণ
 (গ) ব্যতিচার ● পূর্ণ অভ্যন্তরীণ প্রতিফলন
১৮. দেহে রক্ত চলাচল পরীক্ষা করা হয় কী দ্বারা? ★★★
- (ক) এম.আর.আই (খ) সিটিস্ক্যান
 (গ) এক্সরে ● ইসিজি
১৯. সিটিস্ক্যানের ক্ষেত্রে নিচের কোনটি সঠিক? ★★★
- (ক) রক্তের গ্রুপ পরীক্ষা করা
 ● কোনো ধাতব অলঙ্কার, ঘড়ি ইত্যাদি না রাখা
 (গ) তরল বা নরম খাবার খাওয়া

- ঘ) প্রতিবার একই অবস্থানে চিকিৎসা করা
২০. আন্ট্রাসনোগ্রাফিতে ব্যবহৃত হয় কোনটি? ★★★★★
- শ্রবণোত্তর তরঙ্গ খ) ইলেকট্রনের প্রবাহ
গ) চৌম্বকক্ষেত্র ঘ) আলোর পূর্ণ অভ্যন্তরীণ প্রতিফলন
২১. টিউমার, অভ্যন্তরীণ রক্তক্ষরণ বা শারীরিক ক্ষতির নিখুঁত অবস্থান জানা যায় কোন পরীক্ষার মাধ্যমে? ★★★★★
- ক) এক্সরে খ) ইসিজি
● সিটিক্যান ঘ) এন্ডোস্কোপি
২২. কোন প্রযুক্তিতে শব্দ শক্তি ব্যবহার করা হয়? ★★★★★
- ক) এক্স-রে ● আন্ট্রাসনোগ্রাফি
গ) সিটিক্যান ঘ) এম.আর.আই
২৩. রনজেন কত সালে এক্সরে আবিষ্কার করেন? ★★★★★
- ক) ১৮৯৩ খ) ১৮৯৪
● ১৮৯৫ ঘ) ১৮৯৬
২৪. উচ্চগতিসম্পন্ন ইলেকট্রন ধাতব পাতে আঘাত করলে কী বিকিরিত হয়? ★★★★★
- ক) α -রশ্মি খ) β -রশ্মি
● X-রশ্মি ঘ) γ -রশ্মি
২৫. এক্সরেতে কোন মৌলের কুণ্ডলী ব্যবহার করা হয়? ★★★★★
- ক) নাইক্রোম ● টাংস্টেন
গ) রেডিয়াম ঘ) সেরিয়াম
২৬. শব্দের প্রতিধ্বনিকে কাজে লাগানো হয় কোন প্রক্রিয়ায়? ★★★★★
- আলট্রাসনোগ্রাফি খ) ইসিজি
গ) সিটিক্যান ঘ) এক্স-রে
২৭. কোনটি রোগাক্রান্ত কোষ ধ্বংস করে? ★★★★★
- এক্স-রশ্মি খ) α রশ্মি
গ) β -রশ্মি ঘ) আলোক তরঙ্গ
২৮. এক্সরে নিচের কোনটিকে ভেদ করতে পারে না? ★★★★★
- ক) চামড়া খ) কাপড়
● লোহা ঘ) মাংস
২৯. এক্সরে কোথায় ক্ষতিকর প্রভাব ফেলে? ★★★★★
- ক) হাড়ে খ) শিশুদের মস্তিষ্কে
● শিশুদের প্রজননতন্ত্রে ঘ) পরিপাকতন্ত্রে
৩০. বৃন্দ্রিপ্রাপ্ত ভ্রূণের লিঙ্গা নির্ধারণ করা যায় কার মাধ্যমে? ★★★★★
- ক) সিটিক্যান খ) এমআরআই

- আলট্রাসোনোগ্রাফি ❷ এক্সরে
৩১. নিচের কোনটি সিটিস্ক্যানের পার্শ্বপ্রতিক্রিয়া হতে পারে? ★★★★★
- ❶ চুল পড়া ❸ রক্তশূন্যতা
- এলার্জিকজনিত সমস্যা ❹ চোখে ঝাপসা দেখা
৩২. একই জায়গায় বারবার এক্সরের ফলে কোন সমস্যার সৃষ্টি হতে পারে? ★★★★★
- টিউমার ❸ আলসার
- ❶ হার্ট অ্যাটাক ❹ ক্যান্সার
৩৩. শরীরের অভ্যন্তরে নরম পেশি বা টিস্যুর কোনো সমস্যা শনাক্ত করতে যে পরীক্ষা করা হয় তাকে কী বলে? ★★★★★
- ❶ এক্সরে ❷ সিটিস্ক্যান
- আলট্রাসোনোগ্রাফি ❸ রেডিওথেরাপি
৩৪. আলট্রাসোনোগ্রাফিতে ব্যবহৃত হয় কোনটি? ★★★★★
- শ্রবণোত্তর শব্দ ❸ বেতার তরঙ্গ
- ❶ তরল ডাই ❹ ধাতব পাত্র
৩৫. ফুসফুসের ক্যান্সার শনাক্তকরণে কোনটি ব্যবহৃত হয়? ★★★★★
- এক্সরে ❸ আলোক রশ্মি
- ❶ তামা ❹ সোনা
৩৬. শব্দের প্রতিধ্বনিকে কাজে লাগানো হয় কোন প্রক্রিয়ায়? [শহীদ বীর উত্তম লে. আনোয়ার গার্লস কলেজ, ঢাকা] ★★★★★
- আলট্রাসোনোগ্রাফি ❷ ইসিজি
- ❶ সিটি স্ক্যান ❸ এক্সরে
৩৭. আলট্রাসোনোগ্রাফিতে ব্যবহৃত হয় কোনটি?
- [ইম্পাহানী পাবলিক স্কুল অ্যান্ড কলেজ, চট্টগ্রাম] ★★★★★
- শ্রবণোত্তর শব্দ ❸ বেতার তরঙ্গ
- ❶ তরল ডাই ❹ ধাতব পাত
৩৮. নিচের কোনটির পার্শ্বপ্রতিক্রিয়া নেই? ★★★★★
- ❶ এক্সরে ❷ রেডিওথেরাপি
- ইসিজি ❸ সিটি স্ক্যান
৩৯. এমআরআই-এ কী ব্যবহার করা হয়? [বেগমগঞ্জ সরকারি পাইলট উচ্চ বিদ্যালয়; নোয়াখালী সরকারি উচ্চ বিদ্যালয়] ★★★★★
- চৌম্বক ক্ষেত্র ❷ তড়িৎবল
- ❶ মহাকর্ষ ❸ অভিকর্ষ
৪০. ইসিজি মেশিন কী প্রদর্শন করে? ★★★★★
- ❶ হৃদপিণ্ডের ছবি ❷ হাড়ের ছবি

- একটি লেখচিত্র ঘ) ফুসফুসের ছবি
৪১. মাথাব্যথা বা বিমুনির ঝুঁকি থাকে কোন যন্ত্রের ব্যবহারের ফলে? ★★★★★
 ক) সিটি স্ক্যান খ) আলট্রাসোনোগ্রাম
 ● এমআরআই ঘ) ইসিজি
৪২. পেটে প্রচণ্ড ব্যথা হওয়ার ঝুঁকি থাকে কোন পরীক্ষায়? ★★★★★
 ক) ইসিজি ● এন্ডোস্কোপি
 গ) আলট্রাসোনোগ্রাফি ঘ) এমআরআই
৪৩. নিচের কোনটি পার্শ্বপ্রতিক্রিয়াহীন? ★★★★★
 ক) সিটি স্ক্যান খ) আলট্রাসোনোগ্রাফি
 ● ইসিজি ঘ) এমআরআই
৪৪. পেটের আলসার নির্ণয়ের অন্যতম উপায় কোনটি? ★★★★★
 ● এন্ডোস্কোপি করা খ) এমআরআই করা
 গ) সিটি স্ক্যান করা ঘ) এনজিওগ্রাফি করা
৪৫. কোন রোগ নির্ণয়ে ECG করা হয়? ★★★★★
 ● হৃদরোগ নির্ণয়ে খ) পিত্তথলিতে পাথর নির্ণয়ে
 গ) যক্ষ্মা রোগ নির্ণয়ে ঘ) টিউমার নির্ণয়ে
৪৬. রেডিওথেরাপির ঝুঁকি কোনটি? ★★★★★
 ● চুল পড়া খ) পাতলা পায়খানা
 গ) হাতের তালু পুড়ে যাওয়া ঘ) ক্যান্সার
৪৭. বুকে, পেটে ব্যথা হওয়ার ঝুঁকি থাকে কোন পরীক্ষায়? ★★★★★
 ক) রেডিওথেরাপি খ) কেমোথেরাপি
 ● এন্ডোস্কোপি ঘ) এনজিওগ্রাফি
৪৮. এন্ডোস্কোপি করতে আলোর কোন ঘটনাটিকে কাজে লাগানো হয়? ★★★★★
 ● প্রতিফলন খ) প্রতিসরণ
 গ) পূর্ণঅভ্যন্তরীণ প্রতিফলন ঘ) আলোর বিচ্ছুরণ
৪৯. রেডিওথেরাপির মাধ্যমে কোষের কোন অংশ ধ্বংস করা হয়? ★★★★★
 ক) মাইটোকন্ড্রিয়া ● DNA
 গ) সাইটোপ্লাজম ঘ) গলজি বডি
৫০. অস্থির ক্ষত ও টিউমার নির্ণয় করা হয় কোন পদ্ধতিতে? [বেগমগঞ্জ সরকারি পাইলট উচ্চ বিদ্যালয়, নোয়াখালী] ★★★★★
 ক) ইসিজি খ) এক্স-রে
 গ) আলট্রাসোনোগ্রাফি ● সিটি স্ক্যান
৫১. কোন পরীক্ষায় রক্তনালিকায় ডাই প্রবেশ করানো হয়? [বেগমগঞ্জ সরকারি পাইলট উচ্চ বিদ্যালয়, নোয়াখালী] ★★★★★

- এনজিওগ্রাফি ৳ কেমোথেরাপি
 ৳ এক্সরে ৳ রেডিওথেরাপি
৫২. হাড়ের অন্যতম প্রধান উপাদান হলো— [হরিমোহন সরকারি উচ্চ বিদ্যালয়, সিলেট] ★★★
- ক্যালসিয়াম ৳ ম্যাগনেসিয়াম
 ৳ পটাসিয়াম ৳ কার্বন
৫৩. ইসিজি করা হয়— [চট্টগ্রাম সরকারি উচ্চ বিদ্যালয়] ★★★
- i. বুকের ওপর দুটি ধাতব দন্ড সেট করে
 ii. ডাই নামক তরল ব্যবহার করে
 iii. বৈদ্যুতিক তরঙ্গের সাহায্যে
- নিচের কোনটি সঠিক?
- ক i ও ii ● i ও iii
 ৳ ii ও iii ৳ i, ii ও iii
৫৪. কেমোথেরাপির কারণে লক্ষণীয় পার্শ্বপ্রতিক্রিয়ার ক্ষেত্রে— [চট্টগ্রাম সরকারি উচ্চ বিদ্যালয়, চট্টগ্রাম] ★★★
- i. চুল পড়ে যায়
 ii. হাত ও পায়ের তালুর চামড়া পুড়ে যায়
 iii. হজমে সমস্যা হয়
- নিচের কোনটি সঠিক?
- ক i ও ii ৳ i ও iii
 ৳ ii ও iii ● i, ii ও iii
- নিচের উদ্দীপকটি পড় এবং প্রশ্নের উত্তর দাও :
- জালাল সাহেব একদিন বুকে ব্যাথা অনুভব করলেন। তিনি সাথে সাথে ডাক্তারের কাছে গেলেন। ডাক্তার তাকে একটি পরীক্ষা করতে বললেন। এই পরীক্ষায় জালাল সাহেবের রক্তনালি দিয়ে এক ধরনের বিশেষ তরল পদার্থ প্রবেশ করানো হলো। [আইডিয়াল স্কুল অ্যান্ড কলেজ, মতিঝিল, ঢাকা]
৫৫. জালাল সাহেবকে ডাক্তার কী পরীক্ষা দিলেন? ★★★
- ক এন্ডোস্কোপি ৳ কেমোথেরাপি
 ● এনজিওগ্রাফি ৳ রেডিওথেরাপি
৫৬. জালাল সাহেবের শরীরে কোন ধরনের তরল পদার্থ প্রবেশ করানো হয়? ★★★
- ক কার্বন ডাইঅক্সাইড ৳ পানি
 ● ডাই ৳ কোনোটিই নয়

স্বপ্নসংশ্লিষ্ট রচনাসমূহ

প্রশ্ন ১ আরাফাত স্কুল থেকে আসার সময় মোটর সাইকেল দুর্ঘটনায় হাতে আঘাত পায়। তার বাবা কয়েকদিন ধরে বুকে প্রচণ্ড ব্যথা অনুভব করলেন। তাদেরকে হাসপাতালে ভর্তি করা হলে পৃথক পৃথক প্রযুক্তির মাধ্যমে চিকিৎসা দেওয়া হয়। [ঢাকা বোর্ড ২০২০]

ক. আইসোটোপ কাকে বলে?

খ. রেডিওথেরাপি কেন করা হয়? ব্যাখ্যা করো।

গ. আরাফাতের চিকিৎসার কার্যপদ্ধতি বর্ণনা করো।

ঘ. আরাফাতের বাবার জন্য কোন ধরনের পরীক্ষা কার্যকর? মতামত দাও।

প্রশ্ন ২ ডাক্তারী পরীক্ষায় আসিফের পেটে ক্ষত এবং অমিতের দাঁতের সমস্যা ধরা পড়েছে। [ময়মনসিংহ বোর্ড ২০২০] ★★★

ক. এন্ডোসকপি কাকে বলে?

খ. রেডিওথেরাপি প্রয়োজন কেন? ব্যাখ্যা করো।

গ. অমিতের জন্য প্রয়োজ্য পরীক্ষাটির কার্যপ্রণালি ব্যাখ্যা করো।

ঘ. আসিফের চিকিৎসার ক্ষেত্রে ডাক্তার যে পরীক্ষাটি করলেন তার গুরুত্ব বিশ্লেষণ করো।

প্রশ্ন ৩ ঢাকাগামী একটি বাস দুর্ঘটনার শিকার হয়। এতে সফিক মাথায়, কবির বুকে এবং শিমুল পায়ে প্রচণ্ড আঘাত পায়। হাসপাতালে গেলে ডাক্তার = সফিককে একটি এবং কবির ও শিমুলকে দুটি ভিন্ন পরীক্ষা করানোর পরামর্শ দেন। [রাজশাহী বোর্ড ২০২০] ★★★

ক. আইসোটোপ কাকে বলে?

খ. বর্জ্য পরিষ্কার করার সময় গ্লাভস ব্যবহার করা হয় কেন?

গ. উদ্দীপকের সফিকের পরীক্ষা পদ্ধতিটি ব্যাখ্যা করো।

ঘ. কবির ও শিমুলের পরীক্ষণ দুটির ঝুঁকিসমূহ তুলনামূলক বিশ্লেষণ করো।

প্রশ্ন ৪ হাসিব সড়ক দুর্ঘটনায় মেরুদণ্ডে মারাত্মকভাবে আঘাতপ্রাপ্ত হয়। সঙ্গে সঙ্গে হাসপাতালে পাঠানো হলে ডাক্তার তাকে একটি পরীক্ষা করাতে বললেন যেখানে শক্তিশালী চৌম্বক ক্ষেত্র ব্যবহার করা হয়। এ খবর শোনামাত্র তার বাবা বুকে তীব্র ব্যথা অনুভব করেন যিনি একজন উচ্চ রক্তচাপের রোগী। তার মা খবর শুনে মাথা ঘুরে পড়ে যান। তাদেরকে হাসপাতালে পাঠানো হয়। সেখানে ডাক্তারের পরামর্শ অনুসারে একটি পরীক্ষা করানো হলো যাতে এক্স-রের মাধ্যমে রক্তকণিকাগুলো দেখা যায়। মাকেও অন্য একটি পরীক্ষা করানো হলো যাতে হৃদপিণ্ডে ক্ষুদ্র বৈদ্যুতিক সংকেত শনাক্ত করা যায়। [দিনাজপুর বোর্ড ২০২০] ★★★

ক. রেডিওথেরাপি কাকে বলে?

খ. এন্ডোসকপি যন্ত্রে অপটিক্যাল ফাইবার ব্যবহৃত হয়- ব্যাখ্যা করো।

গ. ডাক্তার হাসিবকে কোন পরীক্ষাটি করতে বললেন? ব্যাখ্যা করো।

ঘ. হাসিবের বাবা ও মাকে করানো পরীক্ষা দুটি কার্যগতভাবে ভিন্ন— বিশ্লেষণ করো।

প্রশ্ন ৫ ডাক্তার বিভিন্ন পরীক্ষার মাধ্যমে নিম্নোক্ত সমস্যাগুলো শনাক্ত করলেন। প্রথমতঃ জীবনের দীর্ঘদিন ধরে মাথাব্যথা থাকায় মাথায় টিউমার। দ্বিতীয়তঃ কাসেমের দেহের কোষ বিভাজনের গতি অস্বাভাবিকভাবে বাড়ছে। তৃতীয়তঃ মোহনের বুকে বেশি ব্যথা থাকায় রক্তনালিকা বন্ধ হয়ে গেছে। [রাজশাহী বোর্ড ২০১৯] ★★★

ক. X-Ray কাকে বলে?

খ. শব্দের প্রতিধ্বনিকে কাজে লাগিয়ে শরীরের কঠিন অংশের সমস্যা চিহ্নিত করা যায় না কেন? ব্যাখ্যা করো।

গ. জীবনের রোগ শনাক্তকরণের পরীক্ষাটির কার্যপ্রণালি বর্ণনা করো।

ঘ. কাসেম ও মোহনের রোগ দুইটির মধ্যে কোনটি আলোর প্রতিসরণকে কাজে লাগিয়ে শনাক্ত করা যায়? বিশ্লেষণ করো।

প্রশ্ন ৬ সুমন ও তার বন্ধু সুবির মোটরসাইকেল দুর্ঘটনায় পতিত হয়। এতে সুমন মাথায় ও সুবির বুকে আঘাতপ্রাপ্ত হয়। তাদেরকে নিকটস্থ হাসপাতালে নিয়ে গেলে ডাক্তার সুমন ও সুবিরকে ভিন্ন ভিন্ন টেস্ট করার পরামর্শ দেন। [বরিশাল বোর্ড ২০১৯] ★★★

ক. দীর্ঘদৃষ্টি কাকে বলে?

খ. মাইক্রোফোন ও স্পিকারের মধ্যে দুটি পার্থক্য লেখো।

গ. সুমনের চিকিৎসার কার্যপদ্ধতি বর্ণনা করো।

ঘ. সুমন ও সুবিরের চিকিৎসা পদ্ধতির ভিন্নতার কারণ বিশ্লেষণ করো।

প্রশ্ন ৭ পাপড়ির পেট ব্যথা করে এবং মাঝে মাঝে পেট ফুলে যায়। সে একজন ডাক্তারের কাছে যায়। ডাক্তার তাকে ভালমত দেখার পর প্রথমতঃ এন্ডোস্কোপি পরীক্ষা করতে দিলেন এবং দ্বিতীয়বার তাকে রেডিওথেরাপি দেয়ার পরামর্শ দিলেন। [রাজশাহী বোর্ড ২০১৬] ★★★

ক. X-Ray কী?

খ. পার্শ্ব প্রতিক্রিয়া বলতে কী বোঝায়?

গ. পাপড়ির প্রথম পরীক্ষাটির কার্যপ্রণালী ব্যাখ্যা করো।

ঘ. পাপড়ির রোগটির নাম কী? ডাক্তারের দেওয়া পরামর্শ রোগটিকে কীভাবে নিরাময় করতে পারবে তা বিশ্লেষণ করো।

প্রশ্ন ৮ রুনা ক্লাশে হঠাৎ জ্ঞান হারিয়ে ফেলল। তাকে দ্রুত হাসপাতালে নেয়া হলে ডাক্তার তার জন্য সিটি স্ক্যান করার পরামর্শ দিলেন। খবর পেয়ে তার বাবা দ্রুত হাসপাতালে এলেন এবং মেয়ের অবস্থা দেখে তিনিও বুকে প্রচণ্ড ব্যথা অনুভব করলেন। ডাক্তার তার জন্য দ্রুত ইসিজি করার পরামর্শ দিলেন। [ঢাকা বোর্ড ২০১৫] ★★ ★

ক. রক্ত কী?

খ. এন্ডোস্কোপি কেন করা হয়?

গ. রুনার পরীক্ষাটি যে যন্ত্রে করা হয়েছিল, তা কীভাবে কাজ করে? ব্যাখ্যা করো।

ঘ. রুনার বাবার জন্য ডাক্তার যে পরামর্শ দিলেন, তা কি যথাযথ হয়েছে? যুক্তিসহ মতামত দাও।

প্রশ্ন ৯ জামিল সাহেব একটি বেসরকারি ব্যাংকে চাকুরী করেন। তিনি অতিরিক্ত ধূমপান করেন। নির্দিষ্ট সময়ে আহার, নিদ্রার প্রতি তার অবহেলা ছিল। বেশি। একদিন অফিসে তার বুকের বামদিকে প্রচণ্ড ব্যথা অনুভব করলেন এবং সাথে সাথে তার সহকর্মীরা তাকে হাসপাতালে নিয়ে গেলেন। ডাক্তার দেখে অতি দ্রুত তার এনজিওগ্রাম করালেন। এনজিওগ্রাম রিপোর্টে তার হার্টে ব্লক ধরা পড়ে। [কুমিল্লা বোর্ড ২০১৫] ★★ ★

ক. এক্স-রশ্মি কী?

খ. আলট্রাসোনোগ্রাফি কেন করা হয়?

গ. ডাক্তারের পরীক্ষণটির কৌশল ব্যাখ্যা করো।

ঘ. জামিল সাহেবের রোগটির জন্য সে নিজেই দায়ী— মতামত দাও।

প্রশ্ন ১০ বাবলীর বাবা বুকে প্রচণ্ড ব্যথা নিয়ে ডাক্তারের কাছে গেলে তিনি একটি বিশেষ পরীক্ষা করাতে বললেন। যার ফলাফল একটি গ্রাফ কাগজে পাওয়া গেল। অন্যদিকে রিক্সা থেকে পড়ে গিয়ে তার ছোট ভাই লিটন হাতে প্রচণ্ড ব্যথা পেলে ডাক্তার তার হাতের পরীক্ষা করে ব্যান্ডেজ বেঁধে দিলেন। [চট্টগ্রাম বোর্ড ২০২০] ★★ ★

ক. আইসোটোপ কাকে বলে?

খ. ক্যান্সার চিকিৎসায় কেমোথেরাপি গুরুত্বপূর্ণ কেন?

গ. বাবলীর বাবার জন্য ডাক্তারের গৃহীত বিশেষ পরীক্ষাটির কার্যপ্রণালি বর্ণনা করো।

ঘ. ডাক্তার বাবলীর ছোট ভাই লিটনের জন্য যে পরীক্ষা দিলেন তার সাথে রেডিওথেরাপির কোনো সাদৃশ্য আছে কি? তোমার উত্তরের সপক্ষে যুক্তি দাও।

প্রশ্ন ১১ মোটর সাইকেল দুর্ঘটনায় আসিফ পায়ের এবং সোহান মাথায় আঘাত পায়। তাদেরকে হাসপাতালে ভর্তি করা হয়। ডাক্তার দুইজনকে পৃথক পৃথক প্রযুক্তির মাধ্যমে চিকিৎসা দেয়ার ব্যবস্থা করলেন। [যশোর বোর্ড ২০২০] ★★ ★

ক. এন্ডোসকপি কী?

খ. রেডিওথেরাপি করা হয় কেন?

গ. আসিফ এর চিকিৎসা প্রযুক্তির কার্যপ্রণালি ব্যাখ্যা করো।

ঘ. ডাক্তার দুইজনকে দুই ধরনের চিকিৎসা দেয়ার যৌক্তিকতা বিশ্লেষণ করো।

প্রশ্ন ১২ মামুনের বাবা দীর্ঘদিন ধরে ক্যান্সারে ভুগছে। গ্রাম থেকে তার চাচা ও চাচী ঢাকায় চিকিৎসার জন্য তাদের বাসায় আসে। মামুনের চাচাও ক্যান্সারে আক্রান্ত এবং তার চাচীর অস্ত্রের ঘা। ডাক্তারের শরণাপন্ন হলে বাবাকে এক ধরনের চিকিৎসা দিলেন যেখানে এক্স-রে ব্যবহার করে আক্রান্ত কোষকে ধ্বংস করা হয়। চাচাকেও অন্য একটি চিকিৎসা দিলেন যাতে রাসায়নিক ঔষধ ব্যবহার করে বিভাজনরত কোষ ধ্বংস করা হয়। তার চাচীকে ডাক্তার এমন একটি পরীক্ষা করতে বলেন যাতে দুটি স্বচ্ছ নলের মধ্যে একটিতে অপটিক্যাল ফাইবার ব্যবহৃত হয়। [বরিশাল বোর্ড ২০২০] ★★★

ক. টমোগ্রাফি কাকে বলে?

খ. প্রসূতিবিজ্ঞানে আলট্রাসোনোগ্রাফি একটি নির্ভরযোগ্য পদ্ধতি- ব্যাখ্যা করো।

গ. ডাক্তার মামুনের চাচীকে কোন পরীক্ষাটি করতে, বললেন? ব্যাখ্যা করো।

ঘ. মামুনের বাবা ও চাচাকে দেয়া দুটি চিকিৎসা পদ্ধতিতেই কি পার্থ প্রতিক্রিয়া রয়েছে? উত্তরের সপক্ষে যুক্তি দাও।

প্রশ্ন ১৩ মি. হক হাসপাতালের প্যাথলজি বিভাগে গিয়ে দেখলেন ১ম কক্ষে এক ব্যক্তির মাথার সিটিস্ক্যান করা হচ্ছে। ২য় কক্ষে ও ৩য় কক্ষে দুইজন রোগীকে ক্যান্সার নিরাময়ের জন্য রেডিওথেরাপি ও কেমোথেরাপি দেয়া হচ্ছে। [ঢাকা বোর্ড ২০১৯; সিলেট বোর্ড ২০১৯] ★★★

ক. আন্ড্রাসনোগ্রাফি কী?

খ. এন্ডোসকপি করা হয় কেন?

গ. উদ্দীপকে উল্লিখিত ৩য় কক্ষে প্রদত্ত থেরাপির কার্যপ্রণালি ব্যাখ্যা করো।

ঘ. উদ্দীপকের ১ম ও ২য় কক্ষে দেখা বিষয় দুটোর মধ্যে কোনটি শরীরের জন্য বেশি ঝুঁকিপূর্ণ? বিশ্লেষণ করো।

প্রশ্ন ১৪ সালাম সাহেব জটিল রোগে আক্রান্ত। বিশেষজ্ঞ ডাক্তারের কাছে গেলে ডাক্তার বললেন দুটি পদ্ধতিতে এর চিকিৎসা করা যায়। প্রথমটিতে ফোটন কণা বা তেজস্ক্রিয় বিকিরণ এবং দ্বিতীয়টিতে বিশেষ ধরনের রাসায়নিক ঔষধ ব্যবহার করে। [দিনাজপুর বোর্ড ২০১৯] ★★★

ক. জিন প্রকৌশল কাকে বলে?

খ. শরীরের একই জায়গায় বারবার এক্স-রে করা ঝুঁকিপূর্ণ কেন?

গ. উদ্দীপকের দ্বিতীয় চিকিৎসা পদ্ধতির ঝুঁকি ও ঝুঁকি এড়ানোর কৌশল ব্যাখ্যা করো।

ঘ. সালাম সাহেবের রোগটি নিরাময় ঝুঁকিপূর্ণ— উদ্দীপকের আলোকে বিশ্লেষণ করো।

জ্ঞানমূল্যক

১. আইসোটোপ কাকে বলে? [ঢা. বো. ২০, চ. বো. ২০] ★★★

উত্তর: কোনো মৌলের ভিন্ন ধরনের পরমাণু যাদের প্রোটন বা পারমাণবিক সংখ্যা সমান কিন্তু ভর সংখ্যা ভিন্ন তাদেরকে ঐ মৌলের আইসোটোপ বলে।

২. রেডিওথেরাপি কী? [দি. বো. ২০; রা. বো. ১৭] ★★★

উত্তর: রেডিওথেরাপি হলো ক্যান্সার রোগের আরোগ্য বা নিয়ন্ত্রণের একটি কৌশল যার মাধ্যমে শরীরের যে অঙ্গে ক্যান্সার হয়েছে সে অঙ্গের আক্রান্ত কোষগুলো ক্ষতিগ্রস্ত করা হয়।

৩. টমোগ্রাফি কাকে বলে? [ব. বো. ২০] ★★★

উত্তর: কোনো ত্রিমাত্রিক বস্তুর একটি ফালির বা দ্বিমাত্রিক অংশের প্রতিবিম্ব তৈরি করাকে টমোগ্রাফি বলে।

৪. এন্ডোসকপি কাকে বলে? [সি. বো. ২০, ম. বো. ২০, য. বো. ২০] ★★★

উত্তর: এন্ডোসকপি নামক বাঁকানো টেলিস্কোপের মাধ্যমে আলোর পূর্ণ অভ্যন্তরীণ প্রতিফলন ধর্মকে কাজে লাগিয়ে শরীরের অভ্যন্তরীণ সমস্যা শনাক্ত করার পদ্ধতিকে এন্ডোসকপি বলে।

৫. এমআরআই কী? [সি. বো. ১৭] ★★★

উত্তর: এমআরআই হলো একটি বিশেষ কৌশল যা শরীরের যে কোনো অঙ্গ, বিশেষ করে নরম বা সংবেদনশীল অঙ্গের পরিষ্কার ও বিস্তারিত ছবি তুলতে পারে।

৬. X-Ray কাকে বলে? [রা. বো. ১৯, চ. বো. ১৭] ★★★

উত্তর: উচ্চ গতিসম্পন্ন ইলেকট্রন ধাতব পাতে আঘাত করার ফলে তাপ উৎপন্ন হয় এবং কিছু পরিমাণ শক্তি বিকিরিত হয়। এই বিকিরিত রশ্মিই হলো এক্সরে।

৭. আল্ট্রাসোনোগ্রাফি কী? [ঢা. বো. ১৯, সি. বো. ১৯] ★★★

উত্তর: শরীরের অভ্যন্তরে নরম পেশি বা টিস্যুর সমস্যা নির্ণয়ে আলট্রাসাউন্ডকে কাজে লাগিয়ে যে পরীক্ষা করা হয়, তাই আলট্রাসোনোগ্রাফি।

৮. MRI এর পূর্ণরূপ লেখো। [ব. বো. ১৭] ★★★

উত্তর: MRI এর পূর্ণরূপ হলো Magnetic Resonance Imaging

৯. CT Scan এর পূর্ণরূপ লেখো।

উত্তর: CT Scan এর পূর্ণরূপ হলো- Computed Tomography Scan.

১০. কেমোথেরাপি কী? [চ. বো. ১৫] ★★★

উত্তর: কেমোথেরাপি হলো এমন ধরনের চিকিৎসা ব্যবস্থা যেখানে বিশেষ ধরনের রাসায়নিক ঔষুধ ব্যবহার করে শরীরের জন্য ক্ষতিকর দ্রুত বিভাজনরত কোষ ধ্বংস করে।

১১. আলোর পূর্ণ অভ্যন্তরীণ প্রতিফলনের সূত্র কোন যন্ত্রে ব্যবহৃত হয়? ★★★

উত্তর : এন্ডোস্কোপি যন্ত্রে আলোর পূর্ণ অভ্যন্তরীণ প্রতিফলনের সূত্র কাজে লাগানো হয়।

১২. আলট্রাসোনোগ্রাফির সীমাবদ্ধতা কী? ★★★

উত্তর : আলট্রাসাউন্ড (শ্রবণোত্তর শব্দ তরঙ্গ) এর একটি বড় সীমাবদ্ধতা হলো এটি কঠিন অস্থি ভেদ করতে পারে না। এতে অস্থির পেছনের অংশ সর্বদা পূর্ণাঙ্গাভাবে ধরা পড়ে না।

আনুষ্ঠানিক

১. হাড় ভেঙে গেলে এক্সরের মাধ্যমে শনাক্ত করা সহজ হয় কেন? ★★★

২. আলট্রাসোনোগ্রাফির ঝুঁকি এড়াবার উপায় কী? ★★★

৩. সিটিস্ক্যান কীভাবে কাজ করে? ★★★

৪. এমআরআই-এর ঝুঁকি কীভাবে প্রতিরোধ করা যায়? ★★★

৫. MRI কী কী কাজে ব্যবহৃত হয়? ★★★

PARTHIB BOOKS